গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
(স্থানীয় সরকার বিভাগ)

ইউনিয়ন ব্র্যান্ডিং
“কবি কাজী হেয়াত মামুদের পূণ্যভূমি”

# ১নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ অনন্তরামপুর; উপজেলাঃ পীরগঞ্জ; জেলাঃ রংপুর।
Web: www.chattracolup.rangpur.gov.bd Email: chaitrakolup.rang@gmail.com

চেয়ারম্যানঃ মোঃ আরিফুজ্জামান শাহ্ মোবাইলঃ ০১৭১৭-৯৭৫৪৩৫

স্মারক নং চৈত্র/ইউপি-১/পীর/রং/২০২৪- তারিখঃ ০৭/০৪/২০২৪ খ্রি.

**বিষয়ঃ এপ্রিল/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, ১নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদের মাসিক সাধারন সভা গত ৭-ই এপ্রিল/২০২৪ খ্রি. তারিখে, অত্র ইউনিয়ন পরিষদের সভা কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত মাসিক সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ৪ (চার) পাতা

**(মোঃ আরিফুজ্জামান শাহ্)**
চেয়ারম্যান
১ নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ
পীরগঞ্জ, রংপুর
chaitrakolup.rang@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, রংপুর।

স্মারক নং-চৈত্র/ইউপি-১/পীর/রং/২০২৪- তারিখঃ ০৭/০৪/২০২৪ খ্রি.

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

১। জেলা প্রশাসক, রংপুর।

২। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।

৩। অফিস কপি।

**(মোঃ রফিকুল ইসলাম)**
সচিব
১ নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ
পীরগঞ্জ, রংপুর

# ১ নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ অনন্তরামপুর, উপজেলাঃ পীরগঞ্জ, জেলাঃ রংপুর।

[ এপ্রিল/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী]

সভাপতিঃ জনাব মোঃ আরিফুজ্জামান শাহ
চেয়ারম্যান, ১ নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ
অনন্তরামপুর, পীরগঞ্জ, রংপুর।

স্থানঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ
তারিখঃ ০৭/০৪/২০২৪ খ্রি.
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য/ব্যক্তিবর্গের তালিকা **"পরিশিষ্ট ক"** দ্রষ্টব্য

**সভার আলোচ্য বিষয়সমূহঃ**

১। বিগত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা ও অনুমোদন।
২। মার্চ/২০২৪ মাসের আয় উত্থাপন ও ব্যয় অনুমোদন।
৩। ঈদ উল ফিতর/২০২৪ এর ভিজিএফ সভা পর্যালোচনা ও অনুমোদন।
৪। ইউজিপিপি (৪০ দিনের কর্মসূচী) সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।
৫। জন্ম-মৃত্যু নিবন্ধনের অগ্রগতি পর্যালোচনা।
৬। বিবিধ

**এপ্রিল/২০২৪ মাসিক সাধরণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ**

পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৪ এর আগাম শুভেচ্ছা জানিয়ে আজকের অদ্যকার সভায় সভাপতিত্ব করেন অত্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আরিফুজ্জামান শাহ। সভাপতি ডিসেম্বর মাসে স্বরণ করেন সর্বকালের শ্রেষ্ট বাঙ্গালী, মহান স্বাধীনতার ঘোষক, স্বাধীনতার স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। স্বরণ করেন, মুক্তিযুদ্ধের বীর সৈনিকদের যাদের আত্মত্যাগের মাধ্যমে মাধ্যমে আমরা পেয়েছি কাঙ্খিত স্বাধীনতা। তিনি আরও স্বরণ করেন বঙ্গবন্ধুর পরিবারের নিহত সকল সদস্যকে। সভাপতি সাহেব, অতঃপর সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য সচিব ও অত্র ইউনিয়ন পরিষদের সচিব, জনাব মোঃ রফিকুল ইসলামকে আহ্বান জানান।

**১ নং বিষয়ে,** বিগত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয় ও আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান অত্র ইউনিয়ন পরিষদের সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম। উক্ত সিদ্ধান্তে কোনো সদস্যের কোনো প্রকার আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

**২ নং বিষয়ে,** গত মার্চ মাসের আয়-ব্যযের হিসাব নিকাশ উত্থাপন করেন অত্র ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ শাহাজাদা মিয়া। গত মাসের ১-লা মার্চ হতে ৩১-শে মার্চ পর্যন্ত মোট আয়= ৩,৪১০ (তিন হাজার চারশত দশ) টাকা মাত্র। মোট ব্যয় = ৪,৬২০ (চার হাজার ছয়শত বিশ টাকা) মাত্র।

**সিদ্ধান্তঃ** উক্ত আয়-ব্যয় নিয়ে আলোচনা শেষে উপস্থিত সদস্যেবৃন্দের কোনো প্রকার আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গ্রহীত ও অনুমোদিত হলো।

**৩ নং বিষয়ে,** সভার সদস্য সচিব ও ইউপি সচিব সভাকে বলেন, গত ০১/০৪/২০২৪ খ্রি. তারিখে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৪ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর ঈদ উপহার ভিজিএফ এর চাল বিতরণ সংক্রান্ত একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানো হলো।

**সিদ্ধান্তঃ** উক্ত সভার সিদ্ধান্ত নিয়ে উপস্থিত সদস্যেবৃন্দের কোনো প্রকার আপত্তি না থাকায় বিশেষ সভার সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহীত ও অনুমোদিত হলো।

**৪ নং বিষয়ে,** সভার সভাপতি সভাকে অবহিত করেন, অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইউজিপিপি) বা ৪০ দিনের কর্মসূচী শুরু করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নির্দেশ দিয়েছে। পূর্বের সকল শর্তাবলী ও শ্রমিক সংখ্যা বলবৎ রয়েছে।

**সিদ্ধান্তঃ** উপস্থিত ইউপি সদস্যবৃন্দ নিজের এলাকার একটি করে প্রকল্প প্রস্তাব করলে উক্ত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহীত ও অনুমোদিত হলো।

**৫নং বিষয়ে, সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে,** জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে জেলা প্রশাসন কঠোর পদক্ষেপ নিয়েছেন। আমাদের ইউনিয়নের প্রতিমাসে ৩৬ টি জন্ম নিবন্ধন ও ১২ টি মৃত্যু নিবন্ধনে লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা পূরনে সকল ইউপি সদস্যকে ভূমিকা পালনের নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** প্রতি ওয়ার্ডের গ্রাম পুলিশকে আপ-টু-ডেট জন্ম-মৃত্যুর তথ্য নির্ধারিত রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে সচিব এর নিকট পেশ করার করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।

**৬নং বিবিধ বিষয়ে,** আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে ও আবারও ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা দিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন এবং সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে আগামী ১৫ দিনের মধ্যে প্রেরণের জন্য সদস্য সচিব তথা ইউপি সচিবকে নির্দেশ প্রদান করেন।

**(মোঃ আরিফুজ্জামান শাহ্)**
চেয়ারম্যান
১ নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ
পীরগঞ্জ, রংপুর